



০০০০০০ ০০০০০০

০০০০০০ ০০০০০, ০০০০০ ০০০০০ ০ ০০০০০ ০০০০০০০০০০

Job Category: Law/Legal

Job Source: ০০০০০০০ ০০০০০০০

Job Summary

Posted On: 11 Nov 2024

Application Deadline: 30 Nov 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১১.০০১.১৪(অংশ-১)-৯৪০

তারিখ: ২১ কার্তিক ১৪৩১
০৬ নভেম্বর ২০২৪

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর পক্ষে ও বিপক্ষে দায়েরকৃত মামলায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট ও আপীল বিভাগে মামলা পরিচালনার জন্য তালিকাভুক্ত ০৯(নয়) জন বিজ্ঞ আইনজীবী নিয়োগের লক্ষ্যে হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের তালিকাভুক্ত পেশাদার ও সক্রিয় আইনজীবীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা, মাতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বয়স ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত দিতে হবে;
- আবেদনের সঙ্গে সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে দিতে হবে;
- আবেদনকারীর বয়স ১১ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে ৬০ বছরের মধ্যে হতে হবে। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;
- আবেদনের সঙ্গে জাতীয় পরিচয়পত্র, বার কাউন্সিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগের তালিকাভুক্তির সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
- হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগে আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;
- আবেদনকারী অন্য কোন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
- নিযুক্ত আইনজীবীকে সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং নির্ধারিত বিধি-বিধান মোতাবেক ফি প্রদান করা হবে;
- উক্ত নিয়োগের মেয়াদ হবে ২(দুই) বছর;
- আবেদনপত্র আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আহ্বায়ক, আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি) বরাবর পৌঁছাতে হবে;
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন; এবং
- আইনজীবী নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(এ.কে.এম তারিকুল আলম)
অতিরিক্ত সচিব

ও
আহ্বায়ক
আইনজীবী নিয়োগ/বাছাই কমিটি
স্থানীয় সরকার বিভাগ
ফোন: ০২২২৩৩৮৮৭২৭ (অফিস)

জি-১৭৮৩/২৪-(৬X৩)